

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৭৯

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৯. আমীন উচ্চস্বরে বলা

بَابِ الْجَهْرِ بِالتَّأْمِينِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ أَخْبَرَنَا سُفْيَانُ بْنُ سَعِيدٍ عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ عَنْ حُجْرِ بْنِ الْعَنْبَسِ عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَرَأً وَلَا الْعَنْبَسِ عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَرَأً وَلَا الضَّالِينَ قَالَ آمِينَ وَيَرْفَعُ بِهَا صَوْتَهُ

বাংলা

১২৭৯. ওয়ায়িল ইবনু হুজর রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, যখন রাসূলুল্লাহ রাসূলুল্লাহ সাল্লালাহু আলাইহি ওয়া সাল্লাম পাঠ করলেন, ["ওয়ালাদ্ধ-ল্লীন।" (ফাতিহা: ৭)] তখন বললেন, "আমীন"। আর এতে তিনি তাঁর কণ্ঠস্বর উচ্চ করলেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: পূর্ণ তাখরীজ দেখুন, মাওয়ারিদুয যাম'আন নং ৪৪৭। ((আহমাদ ৪/৩১৬, ৩১৭; আবু দাউদ ৯৩২; তিরমিয়ী ৩৪৮; বাইহাকী ২/৫৭, ৫৮; তাবারাণী, আল কাবীর ২২/৪৪ নং ১১১; ইবনু হাযম, আল মুহাল্লা ৩/২৬৩; দারুকুতনী ১/৩৩৩-৩৩৪ নং ১, ২, ৩; বাগাবী, শারহুস সুন্নাহ ৩/৫৮ নং ৫৮৬ সহীহ সনদে। একে সহীহ বলেছেন দারুকুতনী, হাসান বলেছেন তিরমিয়ী ও বাগাবী।

অপর সনদে আবু দাউদ ৯৩৩, তিরমিয়ী ২৪৮, ২৪৯। তিরমিয়ী (২৪৮ নং এর পরে) বলেন: আমি মুহাম্মদ তথা ইমাম বুখারীকে বলতে শুনেছি: এ ব্যাপারে সুফিয়ানের হাদীস শু'বার হাদীস হতে অধিক সহীহ। শু'বাহ এ হাদীসের কয়েকটি স্থানে ভূল করেছেন।...." তিরমিয়ীও (২৪৯ নং এ) একই কথা বলেছেন।- মুহাকিকের মাওয়ারিদুয় যাম'আনের ৪৪৭ নং এর টীকা হতে।- অনুবাদক))



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন